

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি বিপণন অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।  
[www.dam.gov.bd](http://www.dam.gov.bd)



নথি নং-১২.০২.০০০০.০১৬.০৬.০০৪.১৮-৭৩

তারিখঃ ২৫/০৮/২০২০ খ্রিঃ


বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আগস্ট/২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে কৃষি বিপণন অধিদপ্তর এর প্রধান কার্যালয়ে Zoom Plat Form এ (অনলাইন সভা) অনুষ্ঠিত আগস্ট/২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নির্দেশক্রমে নিম্নরূপ কার্যব্যবস্থার অনুরোধসহ এতদসঙ্গে প্রেরণ করা হলো।

১. কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ০৮ সেপ্টেম্বর, ২০২০ তারিখের মধ্যে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন বুলেট পয়েন্ট-এ আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করবেন; যাতে পরবর্তী সমন্বয় সভার কার্যপত্রে সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উল্লেখ করা যায়।

সেপ্টেম্বর/২০২০ মাসের সমন্বয় সভার কার্যপত্রে অন্তর্ভুক্তির জন্য বিশেষ কোন আলোচ্য সূচীর প্রস্তাব থাকলে সংশ্লিষ্ট সকলকে তা আগামী ০১ সেপ্টেম্বর, ২০২০ তারিখের মধ্যে আরইটিসি শাখায় (সফটকপি [adtc@dam.gov.bd](mailto:adtc@dam.gov.bd) মেইলে) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

  
২৫.০৮.২০২০

(ইকবাল হোসেন চাকলাদার)

উপ-পরিচালক (আরইটিসি)

ফোনঃ ৫৫০২৮৩৯১

e-mail: [chakladerbau@gmail.com](mailto:chakladerbau@gmail.com)

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

.....  
.....  
.....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি বিপণন অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।

[www.dam.gov.bd](http://www.dam.gov.bd)

কৃষি বিপণন অধিদপ্তরের আগস্ট, ২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোহাম্মদ ইউসুফ  
মহাপরিচালক  
কৃষি বিপণন অধিদপ্তর।

তারিখ : ১৯ আগস্ট, ২০২০ খ্রিঃ।

সময় : সকাল ১১:০০ ঘটিকা।

স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-‘ক’-তে দেখানো হলো।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা
১.	গত ১৩/০৭/২০২০ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।	গত ১৩/০৭/২০২০ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী-তে কোন সংশোধনী না থাকায় নিশ্চিতকরণের প্রস্তাব করা হয়। সিদ্ধান্ত-১: ১৩/০৭/২০২০ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।	প্রশিক্ষণ ও সমন্বয় শাখা।
২.	বাজার সংযোগ শাখা	ক) বিআরটিসি ও কৃষকবন্ধু ডাক সেবার মাধ্যমে কৃষিপণ্য পরিবহনে সকল কৃষক ও ব্যবসায়ীকে উদ্বুদ্ধ করতে হবে এবং মধ্যস্থতা করতে পণ্য পরিবহনে রংপুর জেলার মতো স্টিকার ও ব্যানার যুক্ত করে দিতে হবে। ডাক বিভাগের ক্ষেত্রে জেলা ও আঞ্চলিক অফিসে যোগাযোগ করতে হবে। কি পরিমান পণ্য উক্ত পরিবহনে পাঠানো হয় পণ্য ভিত্তিক তার প্রতিবেদন বিভাগীয় উপপরিচালকের মাধ্যমে প্রধান কার্যালয়ে মহাপরিচালক বরাবর প্রেরণ করতে হবে।  খ) যে সকল পণ্যের দাম অস্বাভাবিকভাবে বৃদ্ধি পেয়েছে সেই সকল পণ্যের দাম বৃদ্ধির কারণ ও এ বিষয়ে করণীয় উল্লেখ পূর্বক প্রতিবেদন আবশ্যিকভাবে যথাসময়ে সদর দপ্তরে প্রেরণ করতে হবে এবং বৃদ্ধিপ্রাপ্ত কৃষিপণ্যের দাম সহনীয় রাখার লক্ষ্যে বিভাগীয় উপ-পরিচালকগণ মনিটরিং জোরদার করবেন। নিজ নিজ জেলার পরিস্থিতি পর্যবেক্ষণ,	উপ-পরিচালক (বাজার সংযোগ)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)।  উপ-পরিচালক (বাজার সংযোগ)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। এসএমও/এএমও/ডিএমও/ডিএ মআই(সকল)

